

সাড়ে ৯শ' এইচএসসি পরীক্ষার্থীর নিবন্ধনে এবারও ভুল

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ৷
যশোর শিক্ষা বোর্ডে প্রতি বছরের
ন্যায় এ বছরও ভুলে ভরা সাড়ে
৯শ' নিবন্ধন কার্ড দেয়া হয়েছে
এইচএসসি পরীক্ষার্থীদের। ওই
নিবন্ধন কার্ড অনুযায়ী ভুলে ভরা
প্রবেশপত্র পেঁছবে শিক্ষার্থীদের
হাতে। এ জন্য শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ
দায়ী করেছে শিক্ষকদের। তবে
শিক্ষকরা জানান, নিবন্ধন কার্ড ও
প্রবেশপত্র ভুলের জন্য শিক্ষা বোর্ড
কর্তৃপক্ষ ও
কলেজের
শিক্ষকরা উভয়ই
দায়ী। যশোর
সরকারী এমএম কলেজের অধ্যক্ষ
প্রফেসর মিজানুর রহমান জানান,
এইচএসসি পরীক্ষার্থীদের নিবন্ধন
কার্ড ও প্রবেশ পত্র ভুলের জন্য
শিক্ষক ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ
উভয় দায়ী। কারণ কলেজের
অনলাইন থেকে শিক্ষা বোর্ডে
পাঠানো তথ্যে কিছু ভুল থাকতে

পারে। আবার কলেজ থেকে সঠিক
তথ্য দেয়ার পরও শিক্ষা বোর্ড
কর্তৃপক্ষ নিবন্ধন কার্ড ছাপাতে ভুল
করে। এ জন্য তারা এককভাবে
শিক্ষকদের দায়ী করতে পারেন না।
একই কথা জানান, যশোর সরকারী
মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর
সেলিনা ইয়াসমিন। শিক্ষা বোর্ডের
কলেজ পরিদর্শক অমল কুমার
বিশ্বাস বলেন, শিক্ষার্থীদের নিবন্ধন
কার্ড তৈরির তথ্য শিক্ষকরা
অনলাইনে শিক্ষা
বোর্ডে পাঠান।
সেই তথ্যানুযায়ী
নিবন্ধন কার্ড
ছাপানো হয়। একই তথ্যে ছাপানো
হয় প্রবেশপত্র। শিক্ষকদের
পাঠানো তথ্যে ভুল থাকায় নিবন্ধন
কার্ড ও প্রবেশ পত্রে ভুল হয়।
এখানে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের
কোন দোষ নেই। একই কথা
জানান শিক্ষা বোর্ডের পরীক্ষা
নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র।

যশোর শিক্ষা বোর্ড